# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪২১৫

পর্ব ২১: খাদ্য (كتاب الأطعمة)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ

## الْفَصْلُ الثَّانِي

আরবী

وَعَنْ عَائِشَةَ قَالَتْ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «لَا تَقْطَعُوا اللَّحْمَ بِالسِّكِّينِ فَإِنَّهُ مِنْ صُنْعِ الْأَعَاجِمِ وَانْهَسُوهُ فَإِنَّهُ أَهْنَأُ وَأَمْرَأُ» . رَوَاهُ أَبُو دَاوُدَ وَالْبَيْهَقِيُّ فِي شُعَبِ الْإِيمَانِ وَقَالَا: لَيْسَ هُوَ بِالْقَوِيِّ

বাংলা

৪২১৫-[৫৭] ’আয়িশাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ তোমরা ছুরি দিয়ে মাংস কেটো না। কেননা তা অনারবদের কাজ; বরং তা দাঁত দিয়ে কামড়ে খাও। কারণ তা বেশি সুস্বাদু এবং হজমের দিক দিয়ে ভালো। (আবূ দাঊদ ও বায়হাক্বী এবং তারা উভয়েই বলেছেন যে, এ হাদীসটির সানাদ সুদৃঢ় নয়।)[1]

ফুটনোট

[1] য‘ঈফ : আবূ দাঊদ ৩৭৭৮, য‘ঈফ আল জামি‘উস্ সগীর ৬২৫৬।

হাদীসটি য‘ঈফ হওয়ার কারণ হলো এর সনদে ‘‘আবূ মা‘মার আস্ সুদ্দি আল মাদানী’’ নামক একজন বর্ণনাকারী আছেন, যার নাম আবূ মি‘শার নাজীহ। ইয়াহ্ইয়া ইবনু সা‘ঈদ আল কত্ত্বান তার কাছ থেকে হাদীস গ্রহণ করতেন না। তাকে তিনি খুবই দুর্বল মনে করতেন। এমনকি অন্যরা যখন তার কথা বলত তখন তিনি হাসতেন। অন্যান্যরাও তার বিষয়ে কথা বলেছেন। তন্মধ্যে ইমাম নাসায়ী বলেনঃ আবূ মি‘শার-এর অনেক মুনকার হাদীস আছে, তার মধ্য হতে এটি একটি মুনকার হাদীস। বিস্তারিত দেখুন- ‘আওনুল মা‘বূদ শার্হ সুনান আবূ দাঊদ ১০/১৮০ পৃঃ, ৩৭৭৮ নং হাদীসের আলোচনা দ্রঃ। শু‘আবুল ঈমান ৫৮৯৮, আস্ সুনানুল কুবরা লিল বায়হাক্বী ১৫০২২।

ব্যাখ্যা

ব্যাখ্যাঃ (فَإِنَّهُ مِنْ صُنْعِ الْأَعَاجِمِ) “তা অনারবদের (অহংকারীদের) কাজ”। অর্থাৎ ছুরি দিয়ে গোশত কেটে খাওয়া অনারবদের অভ্যাস, অতএব তোমরা এ কাজকে অভ্যাসে পরিণত করো না। গোশত যদি পরিপক্ক তথা নম্র থাকে তাহলে তা কেটে খাবে না কিন্তু অপরিপক্ক থাকার ফলে যদি ছুরি দিয়ে কাটার প্রয়োজন হয় তাহলে তা কাটা যাবে। কেননা বুখারী ও মুসলিমে বর্ণিত হয়েছে যে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম গোশত ছুরি দিয়ে কেটে খেয়েছেন। অতএব নিষেধ তাহরীমের জন্য নয় বরং তানযীহি।

(وَانْهَسُوهُ فَإِنَّهُ أَهْنَأُ وَأَمْرَأُ) “তোমরা তা দাঁত দিয়ে কেটে খাও, কেননা এভাবে খাওয়া মজাদার এবং পরিপাকের জন্যও উত্তম।” বলা হয়ে থাকে هَنَأَ الطَّعَامُ وَمَرَأَ যখন বিনা ক্লেশে খাদ্য কণ্ঠনালী অতিক্রম করে।

‘আল্লামা ত্বীবী (রহিমাহুল্লাহ) বলেনঃ হাদীসের মমার্থ হলো ছুরি দিয়ে কেটে খাওয়াটা অনারবদের মতো অভ্যাসে পরিণত করো না। বরং তা যখন পরিপক্ক থাকে তখন দাঁত দিয়ে কেটে খাও আর যখন অপরিপক্ক থাকে তখন ছুরি দিয়ে কেটে খাও। ইমাম বায়হাক্বী (রহিমাহুল্লাহ) বলেনঃ ছুরি দিয়ে কেটে খাওয়ার নিষেধাজ্ঞা পরিপক্ক গোশতের ক্ষেত্রে প্রযোজ্য। (মিরক্বাতুল মাফাতীহ; ‘আওনুল মা‘বূদ ৬ষ্ঠ খন্ড, হাঃ ৩৭৭৪) [সম্পাদক]

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🔲 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)
Link — https://www.hadithbd.com/hadith/link/?id=74938

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন